

■ সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬৫০

১৮. بَيْكِيرْ بْنُ يُوسُفَ (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ৬৯. পানি বিক্রয় করা নিষিদ্ধ সম্পর্কে

بَابِ فِي النَّهْيِ عَنْ بَيْعِ الْمَاءِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ يُوسُفَ حَدَّثَنَا أَبْنُ عُيَيْنَةَ عَنْ عَمْرُو بْنِ دِينَارٍ عَنْ أَبِي الْمِنْهَالِ قَالَ سَمِعْتُ إِيَّاسَ بْنَ عَبْدِ الْمُزْنِيَّ وَكَانَ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ لَا تَبِيعُوا الْمَاءَ فَإِنِّي سَمِعْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَنْهَا عَنْ بَيْعِ الْمَاءِ وَقَالَ عَمْرُو بْنُ دِينَارٍ لَا نَدْرِي أَيْ مَاءٍ قَالَ يَقُولُ لَا أَدْرِي مَاءً جَارِيًّا أَوْ مَاءً مُسْتَقَى

বাংলা

২৬৫০. আবুল মিনহাল (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, ইয়াস ইবনে আবদ আল-মুয়ানী-যিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাহাবী ছিলেন, তাকে আমি বলতে শুনেছি যে, তিনি (কিছু লোককে পানি বিক্রয় করতে দেখে) বলেন, তোমরা পানি বিক্রয় করো না। কেননা, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে পানি বিক্রয় করতে নিষেধ করতে শুনেছি।[1] আমর ইবনু দীনার বলেন, আমি জানি না কোনু পানি। তিনি বলেন: তিনি বলতেন: আমি জানি না যে তা প্রবহমান পানি, নাকি (কুপের) পানের পানি।

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ বুখারীর শর্তানুযায়ী সহীহ।

তাখরীজ: আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিবান নং ৪৯৫২ এবং মাওয়ারিদুয় যাম'আন নং ১১১৭ এবং মুসনাদুল হুমাইদী ১৩৬ তে। ((আহমাদ ৩/৪১৭, ৪/১৩৮; আবু দাউদ, বুয়ু ৩৪৭৮; তিরমিয়ী, বুয়ু ১২৭১; নাসাঈ, বুয়ু, নং ৪৬৪১; ইবনু মাজাহ ২৪৭৬; হাকিম ২/৬১ ...)-ফাতহুল মান্নান হা/২৭৭৬ এর টীকা হতে। - অনুবাদক))

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু মিনহাল (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=82935>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন